ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১৯২০
খোয়াই, ২৪ জুলাই, ২০২৫

**পদ্মবিল ব্লকে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত**

আজ খোয়াই মহকুমা প্রশাসনের উদ্যোগে পদ্মবিল ব্লকের অন্তর্গত তুইহাছিবাড়ি এডিসি ভিলেজের ঈশ্বর সর্দার পাড়া মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন খোয়াই মহকুমার মহকুমা শাসক কার্যালয়ের ডিসি সালকা মেরি দেববর্মা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিক ও কর্মচারিগণ। এদিন মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ১২টি পিআরটিসি, ৪৭টি ইনকাম সার্টিফিকেট, ১২টি জন্মের শংসাপত্র, ৮টি বিবাহ নিবন্ধীকরণ শংসাপত্র এবং ১৫টি এসটি শংসাপত্রের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। এছাড়াও ২৫টি আধার কার্ড আপডেট এবং রেশন কার্ডে নাম অন্তর্ভুক্তির জন্য ৭টি আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। তাছাড়া ব্লক প্রশাসনের পক্ষ থেকে ৫৫টি আরওআর ইস্যু করা হয়েছে। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৩৩ জনের কাছ থেকে আয়ুষ্মান কার্ডের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয় এবং এলাকার ৩৯ জনের স্বাস্থ্য পরীক্ষা করে ওষুধ বিতরণ করা হয়।

*******